সংবাদ

তারিখ ২২।১।৮১
পৃষ্ঠা ৭ কলাম ৭

012

# কক্সবাজারে গণশিক্ষা কার্যক্রম ঃ ৪৭ হাজারের অক্ষরজ্ঞান লাভ

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

কক্সবাজার, ২১শে জানুয়ারী।—কক্সবাজার মহকুমায় দ্বিতীয় বিপ্লবের গণশিক্ষা অভিযান সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। ইতিমধ্যে ৪৭ হাজার ৩শ ৪০ জন নিরক্ষর লোক অক্ষরজ্ঞান লাভ করেছে বলে জানা গেছে।

সাক্ষরতা অভিযানকে বাস্তবায়নের জন্য অত্র মহকুমার ৩১৬টি গ্রামে ৮৮৬টি গণশিক্ষা কেন্দ্র চালু করা হয়। মহকুমার মোট নিরক্ষর লোকের সংখ্যা হচ্ছে ৮৯ হাজার ৬শ ৪৯ জন। এদের বয়সসীমা হচ্ছে ১১ হতে ৪৫ বছর।

গত বছর ২১শে ফেব্রুয়ারী থেকে এই অভিযান শুরু হয়। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র ও বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের ৫৭৫ জন ব্যক্তি উক্ত গণশিক্ষা কেন্দ্রের অধীনে নিরক্ষর লোককে অক্ষর জ্ঞানদানের কাজে নিয়োজিত রয়েছে।

কর্তৃপক্ষীয় সূত্রে জানা গেছে মহকুমায় সর্বমোট ১ লাখ ২শটি বই বিতরণ করা হয়েছে। গত ৩০শে ডিসেম্বর পর্যন্ত মোট ৪৭ হাজার ৩শ ৪০ জন নিরক্ষর লোক অক্ষরজ্ঞান লাভ করেছে। তন্মধ্যে পুরুষের সংখ্যা ৩১ হাজার ৫শ ৪০ এবং মহিলাদের সংখ্যা ১৫ হাজার ৮শ।

**সড়ক দুর্ঘটনায় মৃত্যু**

গত ৯ই জানুয়ারী সমুদ্র সৈকতে অবস্থিত পর্যটন মোটেল লাবনীর সন্নিকটে ইয়াছিন নামক দশ বছরের একজন বালক সড়ক দুর্ঘটনায় মর্মান্তিকভাবে মৃত্যুবরণ করেছে।

পার্শ্ববর্তী বাহারছড়া গ্রামের একটি গরীব পরিবারের ছেলে ইয়াছিন ঝিনুক বিক্রি করে সংসার চালাত। কিন্তু বিধি বাম। সেইদিনও ঝিনুক নিয়ে বিক্রি করতে গেলে বনভোজনে আগত লোকদের একটি গাড়ির চাকার নীচে সে চাপা পড়ে এবং ঘটনাস্থলে মারা যায়।

খবর পেয়ে কক্সবাজার থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হন এবং গাড়িটি আটক করেন।